



# নটে আর ফণ্টে

নারায়ণ দেবনাথ



সুন্দরবনের বাঘটা শিকারীকে খুব নাজেহাল করে ছাড়ছে।

য বলেছিল, খুবই আশ্চর্য কাণ্ড ঘাইরি!



সত্যি আশ্চর্য! টোপ-ফোপ সব গোথের সামলে গেয়ে পালাচ্ছে, অথচ কিছুই করতে পারছে না।

বাঘটা বেশ ধড়িবাড় বলে মালুম হচ্ছে!



ধড়িবাড় বলে ধড়িবাড়! কোন সময় শিকারীকেই না হালুম বলে চেপে ধরে।

কিন্তু শিকারীও তো শুনছি একজন বেশ নাম করা জীব বিজ্ঞানী।



কি রে, কিগের গুলতুনি করছিস? কি বিজ্ঞানী যেন বলছিলি শুনতে পেলুম।

আরে, কেঁটুদা যে!



এই যে সুন্দরবনে বাঘ শিকার নিয়ে এক শিকারী নাস্তানাবুদ হচ্ছে, তাই বলছিলুম অতবড় শিকারী হয়েও—



কি বললি ফণ্টে, বড় শিকারী— হিঃ হিঃ হিঃ! হাসালি আমাকে। আরে বন্দুক হাতে করলেই যদি বড় শিকারী হওয়া যায়, তাহলে পাড়র খোঁড়ো দারোয়ানটাও একজন বড় শিকারী— হাঃ হাঃ হাঃ!

ওরে সুন্দরবনের বাঘ শিকার কি এতোই জোড়া? বিদেশী শিকারী জীভেনস্টিকার আর কতোদিন স্টীক করে থাকতে পারবে। পড়তো এই শর্মার পাল্লায়, বুঝতো ঠালা



সে কি গো কেলুদা! তুমি আগে কখনো শিকার করেছো নাকি?



হুদো হুদো! তবে বাঘ নয়, কাগ। বাঘেরা এখনো আমার খপ্পরে পড়েনি।



কি যে বলো কেলুদা! বাঘ শিকার আর কাক শিকার এক হোলো?



আরে টিপ করে মারতে পারলে কাগ, বাঘ সবই মারা যায়।



তাহলে তুমি বলতে চাও, স্টিকারের টিপ নেই বলেই কিছু করতে পারছে না?



থাম দিকি নটে! স্টিকার নিয়ে আমার কাছে ম্যালা টিক টিক করিস নাও।



সামান্য একটা বাঘ ঘায়েল করা নিয়ে এতো হাঙ্গামা! আরে, বাঘ দেখামাত্র ঝড়াকলে কেড়ে দাও এক গুলি, ব্যঙ্গ খেল খতম। তা নয়, বাঘের সঙ্গে মেন চোর পুলিশ খেলা চলছে। দিতো আমাকে একটা চাক্স, তাহলে বাঘ কি ডাবে ঘায়েল করতে হু দেখিয়ে দিতুম।




তোমাকে চাক্স দিলে তুমি এ বাঘটাকে কামদা করতে পারতে?



কবে তোরা টিভিমাথানায় গিয়ে ওটাকে দেখে আসতে পারতিস।



বাম্ব শিকারের ছিম্বাং আর বন্দুকের  
তাক দুই-ই এই শর্মার আছে। প্রয়োজন  
হলে হাতহাতিও নড়ে যেতে পারি, বুঝলি?



চলুন রে নটে, ফটে! অরন্যে রোমন  
করে আর লাভ কি বল? তবে যদি  
সুযোগ পাই তো সেদেই দেখিয়ে  
দেবো।



কি রকম ঝাঁক  
দিয়ে বেরিয়ে গেলো  
দেখলি?



একটা মতলব মাথায়  
এসেছে। দাঁড়া, কেঁটার  
ঝাঁক একেবারে ঝাঁক  
করে দিচ্ছি।

কয়েকদিন পরে

ওঃ, তোমাকে হল্যে হয়ে খুঁজে  
বেড়াচ্ছি, আর তুমি এখানে বসে পেরারা  
খাচ্ছে। এদিকে তোমার সুবর্ণসুযোগ  
উপস্থিত।



সুবর্ণসুযোগ?  
কিসের?

বাম্ব শিকারের। পাশের গায়ের জঙ্গলে নাকি একটা  
চিতাবাম্ব এসেছে। যদিও আমাদের পেছনের বাগানে ওটা  
এখলো আসেনি, শুধু যদি আসে এই জেবে ফল্টে বলল  
তোমাকে আগে থাকতে বাগানে গিয়ে ঘাঁটি গেড়ে বসতে।



ছোড়ার বুদ্ধি আছে। দাঁড়া,  
বন্দুকটা নিয়ে আসি।  
কিন্তু ফল্টে কোথায়?



বাগানে তোমার জন্যে  
ওয়েট করছে।

